



## গণ বিশ্ববিদ্যালয়

তারিখ: ০৭. ০১. ২০২০ খ্রিঃ  
২৩. ০৯. ১৪২৬ বঙ্গাব্দ

### গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ-এর সাধারণ সভার বিজ্ঞপ্তি

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ-এর সাধারণ সভা আগামী ১৪-০১-২০২০ খ্রিঃ/৩০-০৯-১৪২৬ বঙ্গাব্দ তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ টায় একাডেমিক ভবনের ৪১৭ নং কক্ষে অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন-২০১৮ এর সময় যেসব ছাত্র-ছাত্রী ভোটার ছিলেন এবং এখনও অধ্যায়নরত তাদেরকে উক্ত সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে।

সভায় গণ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন ও বিভাগীয় প্রধানদের স্ব-স্ব অনুষদ ও বিভাগের আওতাধীন শিক্ষার্থীসহ উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ও এর উপদেষ্টা পরিষদ-এর সকল প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষককে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### আলোচ্যসূচিঃ

১. গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন।
২. বর্তমান কেন্দ্রীয় ছাত্র সংসদের মেয়াদ বর্ধিতকরণ।
৩. বিবিধ।

(আবু মুহাম্মাদ মুকাম্মেল)

সদস্য সচিব, উপদেষ্টা পরিষদ

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।

সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।

#### অনুলিপি:

১. উপাচার্য, গণ বিশ্ববিদ্যালয়।
২. রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।
৩. সকল অনুষদের ডীন, গণ বিশ্ববিদ্যালয়।
৪. গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের উপদেষ্টা পরিষদের সকল সদস্য।
৫. অধ্যক্ষ, গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, গণ বিশ্ববিদ্যালয়।
৭. সকল বিভাগীয় প্রধান, গণ বিশ্ববিদ্যালয়।
৮. সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও ট্রেজারার, গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ  
(আপনাদেরকে সভায় ছাত্রসংসদের সকল প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হলো)।
৯. সকল নোটিশ বোর্ড, গণ বিশ্ববিদ্যালয়।
১০. অফিস নথি।